

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৭৩৮

বিশালগড়, ৮ নভেম্বর, ২০২৪

বিশালগড়ে উন্নত প্রথায় মৎস্যচাষে প্রশিক্ষণ

ভারত সরকারের কেন্দ্রীয় মৎস্য শিক্ষা সংস্থানের উদ্যোগে এবং ত্রিপুরা মৎস্য মহাবিদ্যালয়ের সহযোগিতায় গতকাল বিশালগড়ে উন্নত প্রথায় মৎস্যচাষ বিষয়ে এক প্রশিক্ষণ শিবির শুরু হয়েছে। বিশালগড়স্থিত মৎস্য উপাধিকর্তার কার্যালয়ে অনুষ্ঠিত এই প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন করেন বিধায়ক অন্তরা সরকার দেব। তিন দিনব্যাপী এই প্রশিক্ষণ শিবির আগামীকাল সমাপ্ত হবে। শিবিরে উদ্বোধন করে বিধায়ক অন্তরা সরকার দেব বলেন, মাছের উৎপাদন বৃদ্ধির জন্য মৎস্যচাষীদের উন্নত প্রথায় মৎস্যচাষের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। সরকারের লক্ষ্য মাছচাষীদের স্বনির্ভর করে তোলা। শিবিরে বিশালগড় মহকুমার ২০ জন মৎস্যচাষী অংশ নেন। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন আইসিএআর কলকাতা কেন্দ্রের প্রিসিপাল ড. টি কে ঘোষাল, আই সি এ আর কলকাতা কেন্দ্রের বিজ্ঞানী ড. পরিমল সর্দার। উপস্থিতি ছিলেন ত্রিপুরা মৎস্য মহাবিদ্যালয়ের প্রফেসর ড. হিমাদ্রী সাহা প্রমুখ। সভাপতিত্ব করেন গুলুনগর গ্রাম পঞ্চায়েত প্রধান রীতা পাল।
